# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 20 April, 2025

সাভারে একটি বাসায় অভিযান চালিয়ে বিভিন্ন ধরণের ৬ রাউন্ড গুলি ও একটি চাপাতি ও চাকুসহ এক যুবককে গ্রেফতার করেছে সাভার মডেল থানা পুলিশ।

রোববার (২০ এপ্রিল) দুপুরে সাভার মডেল থানা থেকে ৭ দিনের রিমান্ড আবেদন করে তাকে আদালতে পাঠিয়েছে পুলিশ।এর আগে শনিবার রাতে সাভারের রাজাশন এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

গ্রেফতারকৃত যুবক হলেন, সাভারের উত্তর রাজাশন এলাকার মো. মিজানুর রহমানের ছেলে মো. ইমাম হোসেন ইফতি (২০)। তার ঘরের ওয়ারড্রবের একটি ড্রয়ার থেকে ৪ রাউন্ড শর্টগানের গুলি, ১ রাউন্ড ৯ এমএম পিস্তলের গুলি ও ১ রাউন্ড চায়না রাইফেলের গুলিসহ মোট ৬ রাউন্ড গুলি ও ২ টি গুলির খোসা, একটি চাপাতি ও একটি সুইচ গিয়ার চাকু উদ্ধার করে জব্দ করা হয়েছে।

পুলিশ জানায়, বাসায় দেশী অস্ত্র ও আগ্নেয়াস্ত্র আছে এমন গোপন সংবাদের ভিত্তিতে ইমাম হোসেন ইফতির বাসায় অভিযান চালানো হয়। পরে তার দেখানো স্থান থেকে গুলি ও দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়।পরে পুলিশ বাদী হয়ে অস্ত্র আইনে তার বিরুদ্ধে মামলা দায়ের করে।

ঢাকা জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সাভার সার্কেল) মো. শাহীনুর কবির বলেন, ইমাম হোসেন ইফতির কাছে যে গুলি পাওয়া গেছে সেগুলো সাধারণত বড় বড় ক্রিমিনালরা (অপরাধী) ব্যবহার করে।সেগুলো তার কাছে কোথা থেকে এলো তা রিমান্ডে এনে জিজ্ঞাসাবাদ

করা হবে।তাকে ৭ দিনের রিমান্ড আবেদন করে আদালতে পাঠানো হয়েছে।

উদ্ধারকৃত গুলিগুলো পুলিশের লুট হওয়া গুলি কিনা জানতে চাইলে পুলিশের এই কর্মকর্তা বলেন, তদন্ত ছাড়া বলা যাবে না।

পুলিশ গুলি চাপাতি গ্রেফতার

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 21:57

URL: https://timestodaybd.com/dhaka/1141775807